



# রেজিস্ট্রারের কার্যালয় বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১-১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭  
web:barisaluniv.edu.bd, e-mail: pr\_monirulislam@yahoo.com

স্মারক নং-বিইউ/রেজি/নোটিস/১৪০/১৯৭

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

## নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করা যাচ্ছে যে, আগামী ২২শে ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ উদযাপন এবং বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ওরিয়েন্টেশন অনুষ্ঠান সকাল ৯:০০টা থেকে শুরু করে দিনব্যাপি অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিডিকেট সদস্যসহ দেশবরেণ্য ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস. এম. ইমামুল হক।


### অনুষ্ঠানসূচি:

১. সকাল ৯:০০-জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন  
এবং জাতীয় সংগীত পরিবেশন।
২. সকাল ৯:৩০-আনন্দ র্যালি।
৩. বিকাল ৩:০০-ওরিয়েন্টেশন প্রোগ্রাম।
৪. বিকাল ৫:০০-সাংস্কৃতিক সন্ধ্যা।

স্থান: ‘মুক্তমঞ্চ’ বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।

সকলকে যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে উপস্থিত হয়ে উল্লিখিত কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

  
(মো. মনিরুল ইসলাম)  
রেজিস্ট্রার

### অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল আহ্বায়ক, বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ উদযাপন উপ-কমিটি (কমিটির সকল সদস্যদের অবহিত করার জন্য)।
- ৪। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৫। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ দপ্তর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৭। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৮। পিএ-কাম-কম্পিউটার অপারেটর, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। নোটিস বোর্ডসমূহ।
- ১০। নথি/মহানথি।